

নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.১৫.০০১.১৬ (অংশ-২)-১৮০৮

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩
০৮ সেপ্টেম্বর ২০২৬

“প্রজ্ঞাপন”

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৯ আগস্ট ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোগনীয়). ১১.২৮৯০.২০২৬-১৩৩ নম্বর স্মারকে মনোনয়নের পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ‘প্রোগ্রামার’ পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তার নামের পার্শে বর্ণিত বেতন গ্রেডে শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	নাম, পিতা ও মাতার নাম	প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর	ঠিকানা	বেতন গ্রেড
১।	জনাব মোঃ নাদিম খান পিতা: মোঃ মোনায়েম খান মাতা: ফেরদৌসী আক্তার	০০০০৯৫	গ্রাম: পূর্ব ফরিদপুর, পো: নলবাইদ, উপজেলা: কুলিয়ারচর, জেলা কিশোরগঞ্জ-২৩৩৮	৬ষ্ঠ গ্রেড
২।	জনাব খয়রাত হোসেন পিতা: আনহার আলী মাতা: ফাতেমা বেগম	০০০০৬৯	গ্রাম: উলটপাড়া, ডাকঘর: দারোয়ানী, উপজেলা: নীলফামারী সদর, জেলা: নীলফামারী-৫৩০০	৬ষ্ঠ গ্রেড
৩।	জনাব মোঃ জেইসন জামান শাওন পিতা: মোঃ ইয়াছিন আলী মাতা: জামানারা বেগম	৭০০০৯৮	গ্রাম: ওসমানপুর, পো: গীরগঞ্জ, উপজেলা: গীরগঞ্জ, জেলা: রংপুর-৫৪৭০	৬ষ্ঠ গ্রেড

নিয়োগের শর্তাবলী:

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন, কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকালের মেয়াদ আরও ১ (এক) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিশ থাকাকালীন তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা না থাকে তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন রকম কারণ দর্শানো ছাড়াই তার চাকরির অবসান ঘটাতে পারবে;

(গ) শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর তার চাকরি স্থায়ী করা হবে;

(ঘ) যোগদানের সময় উপর্যুক্ত কর্তৃপক্ষ/সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত (ডোপ টেস্টসহ) যোগ্যতার সনদসহ ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঙ) প্রার্থীদের যোগদানের পরে প্রাক পরিচয় ও অতীত কর্মকাণ্ডের রেকর্ড সম্পর্কে পুলিশী যাচাই প্রতিবেদনে (Police Verification) কোন প্রার্থীর বিষয়ে বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(চ) যোগদানের সময় নিয়োগপত্রের মূলকপি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন ও আবেদন ফরমে দাখিলকৃত সকল সনদের মূলকপি সাথে আনতে হবে। সকল সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ছ) কোন দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করতে হবে এবং চাকুরিতে নিয়োগের লক্ষ্যে কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত সরকারের প্রচলিত আইন ও বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান ও আদেশের সংশ্লিষ্ট অংশ তার জন্য প্রযোজ্য হবে;

(ঝ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ বিজ্ঞপ্তি অনুযায়ী সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী (নির্ধারিত ফরম পূরণপূর্বক) দাখিল করতে হবে এবং চাকরি হতে ইস্তফাকালে প্রচলিত বিধি অনুযায়ী কমপক্ষে ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

(ঞ) তিনি কোন বিদেশী নাগরিকত্ব গ্রহণ করে থাকলে কিংবা বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে তাঁর/তাদের এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

(ট) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। উপরিউক্ত শর্তসমূহ প্রতিপালনে সম্মত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ পূর্বাঙ্কে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত

মাসুদ কামাল
উপসচিব (প্রশাসন)
ফোন-৫৫১০০০৮৫

নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.১৫.০০১.১৬ (অংশ-২)-১৮০৮/১(৪০)

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩
০৮ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান (সচিব), ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ৮। প্রকল্প পরিচালক (সকল), ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ১০। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত বাবুপুরা, ঢাকা।
- ১১। উপসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ১৬। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৯। জনাব।
- ২০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার।
- ২১। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২২। হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
- ২৩। মাস্টার/অফিস কপি।


মাসুদ কামাল
উপসচিব (প্রশাসন)